

সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ২৫৮৭

১৪/ হৃদ (দ্বন্দ্ব) (كتاب الحدود)

পরিচ্ছেদঃ ১৪/২৩. কর্তিত হাত কাঁধের সাথে ঝুলিয়ে দেয়া

بَابِ تَعْلِيقِ الْيَدِ فِي الْعُنْقِ

আরবী

حَدَّثَنَا أَبُو بَكْرٍ بْنُ أَبِي شَيْبَةَ، وَأَبُو بِشْرٍ بَكْرُ بْنُ خَلْفٍ وَمُحَمَّدُ بْنُ بَشَّارٍ وَأَبُو سَلَمَةَ الْجُوبَارِيُّ يَحْيَى بْنُ خَلْفٍ قَالُوا حَدَّثَنَا عُمَرُ بْنُ عَلَيِّ بْنِ عَطَاءِ بْنِ مُقَدَّمٍ، عَنْ حَاجَاجَ، عَنْ مَكْحُولٍ، عَنْ أَبْنِ مُحَيْرِيزٍ، قَالَ سَأَلْتُ فَضَالَةَ بْنَ عُبَيْدٍ عَنْ تَعْلِيقِ الْيَدِ، فِي الْعُنْقِ فَقَالَ السُّنْنَةُ قَطَعَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَدَ رَجُلٍ ثُمَّ عَلَقَهَا فِي عُنْقِهِ .

বাংলা

১/২৫৮৭। ইবনে মুহাইরীয় (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি ফাদালা ইবনে উবাইদ (রাঃ) কে কর্তিত হাত কাঁধের সাথে ঝুলিয়ে দেয়া সম্পর্কে জিজেস করলাম। তিনি বলেন, এটাই নিয়ম। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এক ব্যক্তির হাত কেটে তা তার কাঁধের সাথে ঝুলিয়ে দিয়েছিলেন।

English

It was narrated that Ibn Muhairiz said:

"I asked Fadalah bin Ubaid about hanging the hand (of the thief) from this neck, and he said: 'It is sunnah. The messenger of Allah (ﷺ) cut off a man's hand then hung it from his neck'"

ফুটনোট

আবু দাউদ ৪৪১১, ইরওয়া ২৪৩২।

তাহকীক আলবানীঃ যইফ। উক্ত হাদিসের রাবী হাজ্জাজ বিন আরতা সম্পর্কে আবু আহমাদ আল-হাকিম বলেন, তিনি আহলে ইলমের নিকট নির্ভরযোগ্য নয়। আবু বকর আল বায়হাকী বলেন, তার হাদিস দ্বারা দলীল গ্রহণযোগ্য নয়, অন্যত্র তিনি তাকে দুর্বল বলেছেন। আবু যুরআহ আর-রায়ী বলেন, তিনি সত্যবাদী তবে হাদিস বর্ণনায়

তাদলীস করেন। মুহাম্মাদ বিন সাইদ তাকে দুর্বল বলেছেন। আহমাদ বিন শু'আয়ব আন-নাসায়ী বলেন, তিনি দুর্বল তার হাদিস দ্বারা দলীল গ্রহণযোগ্য নয়। (তাহ্যীবুল কামালঃ রাবী নং ১১১২, ৫/৮২০ নং পৃষ্ঠা)

হাদিসের মান: যঙ্গফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ ইবনু মুহায়রিয় (রহঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=43203>

 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন